

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ
naogaonsadar.naogaon.gov.bd

নম্বর ০৫.৪৩.৬৪৬০.০০০.০০০.০০.২৩. ৮২৭

তারিখ ১৭/০২/১৪৩০ বঙ্গাব্দ
৩১/০৫/২০২৩ খ্রিস্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

নওগাঁ জেলার নওগাঁ সদর উপজেলা পরিষদ কমপ্লেক্স জামে মসজিদে পেশ ইমাম পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ (এক) টি	৭,৫০০/- (সাত হাজার পাঁচশত টাকা)	(ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদীস পাশ। (খ) কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। (গ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তগণ অগ্রাধিকার পাবেন। (ঘ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শর্তাবলী

- ০১। প্রার্থীকে অবশ্যই নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। আবেদন পত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) মোবাইল নম্বর (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক স্ব- হস্তে লিখিত সাদা কাগজে আবেদন করতে হবে।
- ০৩। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে:
(ক) পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
- ০৪। আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ বরাবর আগামী ১১/০৬/২০২৩ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- ০৫। বাছাইকৃত প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাতকারের তারিখ ও সময় পরবর্তীতে মোবাইলে/অত্র দপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে অবহিত করা হবে।
- ০৬। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ০৮। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



মির্জা ইমাম উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা পরিষদ কমপ্লেক্স জামে মসজিদ
নওগাঁ সদর, নওগাঁ

টেলিফোন নম্বর: ০২৫৮৮৮১৪৬৬


নম্বর ০৫.৪৩.৬৪৬০.০০০.০০০.০০.২৩. ৮২ন

তারিখ

১৭/০২/১৪৩০ বঙ্গাব্দ
৩১/০৫/২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। ব্যারিস্টার নিজাম উদ্দিন জলিল (জন), মাননীয় সংসদ সদস্য, নওগাঁ-০৫।
- ২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
- ৫। উপজেলা-----অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। (তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হল।)
- ৬। সহকারী প্রোগ্রামার, নওগাঁ সদর। (তাকে বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)
- ৭। চেয়ারম্যান-----ইউপি (সকল)। (তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।)
- ৮। নোটিশ বোর্ড।


৩১/০৫/২০২৩